

৩

মশিউর রহমান কলেজ ॥ ছাত্রের সংখ্যা ৩ ॥ এইচএসসি পরীক্ষায় পাসের হার শূন্য—

নীলফামারী, ১লা ফেব্রুয়ারী
(জেলা বার্তা পরিবেশক)।— মশিউর
রহমান কলেজ। এখানে ছাত্রের সংখ্যা
৩। শিক্ষক ও কর্মচারীর সংখ্যা ২০।
পরীক্ষার ফলাফল শূন্য।

১৯৮৭ সালে নীলফামারী শহরে
এটি স্থাপিত হয়। সাবেক সিনিয়র মজী
মরহুম মশিউর রহমানের নামানুসারে
এটির নামকরণ করা হয় 'মশিউর
রহমান কলেজ'। সে সময় জেলা
প্রশাসককে সভাপতি করে একটি
কমিটি গঠন করে কলেজটি
পরিচালনার ব্যবস্থা করা হয়। কিন্তু
দীর্ঘদিন হলেও আজও সেটি
অনুমোদন পায়নি। সুষ্ঠু পরিচালনার
অভাবে বর্তমানে এটির অবস্থা আরো
শোচনীয় হয়ে পড়েছে। তবে ইতিপূর্বে
বিভিন্ন পর্যায়ে চাঁদা সংগ্রহ করে জমি
খরিদসহ টিনশেডের বেশ ক'টি
শ্রেণীকক্ষও নির্মাণ করা হয়েছে।

কলেজটি যে বছর স্থাপিত হয়
(১৯৮৭ সাল) সেই বছর ছাত্রছাত্রীর
সংখ্যা ছিল ১শ' ২৬, দ্বিতীয় বছর
৪২, তৃতীয় বছর ১০ এবং ৪র্থ বছর

অর্থাৎ চলতি বছর মাত্র ৩ জন; তাও
কাগজে-কলমে। গতবছর বিশেষ
অনুমতি নিয়ে এইচএসসি পরীক্ষাও
দেয়া হয় এই কলেজ থেকে। কিন্তু
পরীক্ষায় পাস করতে পারেনি
একজনও।

যে উৎসাহ ও উদ্বীপনা নিয়ে এই
শিক্ষা প্রতিষ্ঠানটি স্থাপন করা হয় কিন্তু
পরবর্তীতে তা আর লক্ষ্য করা যায়নি।
ফলে গত ৬ মাস থেকে কলেজটির
দরজা-জানালাও খোলা দেখা যায়নি।
তবে অনেক খোঁজাখুঁজির পর কাগজে-
কলমে থাকা একজন শিক্ষকের সাথে
কথা বলে জানা গেছে, একটি কলেজ
পরিচালনার অনুমতির জন্য যে
পরিমাণ তহবিল বা সম্পত্তির প্রয়োজন
তার অনেকাংশই বর্তমানে রয়েছে।
কিন্তু উদ্যোগ না থাকার কারণেই আজ
এ হাল হয়েছে।

21